



ইকো কলেজ গোবিন্দনগর, ঠাকুরগাঁও

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা ইকো কলেজের সকল শিক্ষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত ও প্রেরিত পত্র যাহার স্মারক নং ২২.০০.০০০০.০৭৫.২২.০০৩.২৩-৩৭৭ তারিখ: ২৯ আগস্ট, মোতাবেক সিঙ্গেল ইউজড প্লাস্টিক (SUP) এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহারের নির্দেশনাসহ পরিপত্র প্রকাশ করেছে।

পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ এবং পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্য রক্ষায় সরকারের গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে ইকো কলেজ কর্তৃপক্ষ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান মহোদয়ের নির্দেশনাকে স্বাগত জানিয়ে নিম্নের তালিকাভুক্ত প্লাস্টিক পণ্য বর্জনের সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং ইকো কলেজ ক্যাম্পাসে তালিকাভুক্ত পণ্যসমূহের ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করেছে।

পণ্যসমূহ: স্ট্র, স্ট্যারার, একবার ব্যবহারযোগ্য তৈজসপত্র, বেলুন, আইসক্রিম বা ললিপপে ব্যবহৃত কাঠি, প্লাস্টিক ব্যানার, যে কোন পণ্যের প্লাস্টিকের মোড়ক, পলিথাইলিন এবং পরিপ্রথাইলিন বা মিশ্রণ দ্বারা তৈরি কোন শপিং ব্যাগ/ঠোঙ্গা/ধারক, মেলামাইন ফোম স্পঞ্জ, একবার ব্যবহারযোগ্য যে কোন প্যাকেজিং, সিগারেট ফিল্টার, প্লাস্টিকের বোতল এবং ক্যাপ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আগামী ০১-১১-২০২৪ খ্রি. তারিখ হতে ইকো কলেজ ক্যাম্পাসে তালিকাভুক্ত পণ্য বর্জনে সকল শিক্ষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ এবং পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্য রক্ষায় সরকারের গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের সহযোগিতা একান্ত কাম্য।

অধ্যক্ষ

ইকো কলেজ, ঠাকুরগাঁও।